# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) দেশের আরো দুই কোটি পরিবারকে আবসগৃহ প্রদানের লক্ষ্যে প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) এর মেয়াদ আরো পাঁচ বছর বৃদ্ধি/ দ্বিতীয় পর্যায়ে এই প্রকল্পের আওতায় আসামের জন্য একলক্ষ ৭১ হাজার ৫৯৩টি নতুন গৃহ মঞ্জুর/

(২) নিযুক্তি পরীক্ষায় অসৎ উপায় অবলম্বন করলে আসাম লোকসেবা আইন-২০২৪ এর আওতায় দশ বছর পর্যন্ত কারাদন্ড এবং দশকোটি টাকা জরিমানার ব্যবস্থা ধার্য/

(৩) হাইলাকান্দি জেলার কাটাখাল বাইপাসে আজ সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় একজনের মৃত্যু/ বেশকয়েকজন আহত/

এবং

(৪) বিশিষ্ট লোকসঙ্গীত শিল্পী প্রয়াত কালিকা প্রসাদ ভট্টাচার্যের জন্মদিনটি আজ সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও লোক সংহতি দিবস হিসেবে পালিত/

---

কেন্দ্রীয় সরকার আরো ২ কোটি পরিবারকে গৃহ প্রদানের লক্ষে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীন প্রকল্পটি আরো ৫ বছরের জন্য বৃদ্ধি করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৫ ই সেপ্টেম্বর ঝাড়খন্ডের জামসেদপুরে দ্বিতীয় পর্যায়ের পি এম

এ ওয়াই জি প্রকল্পের উদ্ভোধন করবেন ।দেশের ১০ লক্ষ হিতাধিকারীকে প্রথম কিস্তির অর্থ প্রদান সহ ২৬ লক্ষ সম্পূর্ন হোয়া পি এম এ ওয়াই জির গৃহ প্রবেশ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অংশ নেবেন । এই প্রকল্পের মাধ্যমে আসামে ১ লক্ষ ৭১ হাজার ৫৯৩ টি গৃহ প্রদান বরাদ্দ করা হয়েছে । প্রদান করা গৃহের জন্য রাজ্যের হিতাধিকারীরা ১৫ সেপ্টেম্বর এ প্রথম কিস্তির অর্থ লাভ করবে । দেশের অন্যান্য প্রান্তের সংগে রাজ্যে ও ১ লক্ষের ও অধিক সম্পূর্ন হোয়া পি এম জি এ ওয়াই জি গৃহের জন্য গৃহ প্রবেশ অনুষ্ঠানের আয়োজন করা হবে । উল্লেখ্য আসামে গত ৩ বছরে ১৫ লক্ষ ১৩ হাজারের ও বেশী গৃহের নির্মাণ কাজ সম্পূর্ন হয়েছে । পি এম এ ওয়াই জির জন্য হিতাধিকারীদের স্থায়ী অপেক্ষা তালিকায় অর্ন্তভূক্ত করার জন্য নতুন সমীক্ষা আরম্ভ করতে প্রধানমন্ত্রী নতুন আবাস প্লাস সমীক্ষার ও শুভারম্ভ করবেন ।

এদিকে রাজ্যের পঞ্জায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে আগামী ১৫ সেপ্টেম্বরের অনুষ্ঠানের মাধ্যমে দেশের বাকী অংশের সংগে আসামে ও দ্বিতীয় পর্যায়ের প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের শুভারম্ভ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু আজ নতুনদিল্লীর রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে নির্বাচিত নার্সদের তাদের কৃতিত্বপূর্ন সেবার জন্য ২০২৪ সালের জাতীয় ফ্লোরেন্স নাইটেংগেল পুরষ্কার প্রদান করেন ।উল্লেখ্য কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় ১৯৭৩ সালে এই পুরষ্কার প্রবর্তন করেছিল । রোগীদের প্রতি সেবা প্রদান করা নার্সিং বৃত্তি তথা নার্সদের উৎসর্গিত মনোভাবের প্রতি স্বীকৃতি প্রদানের লক্ষে এই পুরষ্কার প্রদান করা হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকারের তৃতীয় শ্রেণীর পদে নিয়োগের জন্য আগামী রবিবার রাজ্যের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠেয় নিযুক্তি পরীক্ষা সুষ্ঠু ও স্বচ্ছভাবে আয়োজনের বিষয়টি নিশ্চিত করার জন্য আসাম সরকার আসাম লোক পরীক্ষা আইন-২০২৪ গ্রহণ করেছে । উল্লেখ্য- এই আইনের আওতায় নিযুক্তি প্রক্রিয়ায় অসৎ উপায় অবলম্বন প্রতিরোধ করার ব্যবস্থা রয়েছে । এই আইনের উদ্দেশ্য হচ্ছে- রাজ্য সরকার, স্বশাসিত পর্ষদ অথবা কর্তৃপক্ষ ইত্যাদির অধীনে আয়োজিত পরীক্ষায় স্বচ্ছতা নিশ্চিত করার পাশাপাশি পরীক্ষার পূর্বে প্রশ্নপত্র ফাঁস অথবা সেসব নিজের সঙ্গে রাখা, বিক্রি করা, প্রশ্নপত্র সমাধান করতে সহায়তা করা ইত্যাদি অসৎ উপায় অবলম্বন নিষিদ্ধ করা, পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রাখা সহ প্রশ্নপত্র সংক্রান্ত গোপন

তথ্যের প্রচার প্রতিরোধ করা । এই আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে । পরীক্ষায় নকল করার কাজে লিপ্ত পরীক্ষার্থীদের তিন বছর পর্যন্ত কারাদন্ড দেওয়া ছাড়াও ন্যুনতম একলক্ষ টাকা জরিমানার ব্যবস্থা এই আইনে রয়েছে । জরিমানা না দিতে পারলে আরো ন'মাসের কারাদন্ড ধার্য করা রয়েছে । এছাড়া দুষ্টচক্র অথবা নকলে ধরা পড়লে পরীক্ষার্থীদের দশ বছর কারাদন্ড এবং দশকোটি টাকা পর্যন্ত জরিমানার ব্যবস্থা রয়েছে । নকলে লিপ্ত প্রমাণিত হলে ভবিষ্যতে আরো দুবছর সেইসব পরীক্ষার্থীরা কোনো নিযুক্তি পরীক্ষায় বসতে পারবেন না । এছাড়া দুষ্টচক্র অথবা নকলের কাজে জড়িত পরীক্ষকদের বিরুদ্ধে দশ বছরের কারাদন্ড এবং দশকোটি টাকা পর্যন্ত জরিমানার সংস্থান রয়েছে । অন্যদিকে পরীক্ষা প্রক্রিয়ার কর্তৃপক্ষের সঙ্গে জড়িত দুষ্টচক্রের লোকেদের অসৎ উপায়ে অর্জিত সম্পত্তি বাজেয়াপ্ত করা হবে ।অনুরূপভাবে এই পরীক্ষার আয়োজকরা দোষী সাব্যস্ত হলে তাদের বিশেষ আদালতে নির্ধারণ করে দেওয়া নির্দেশ অনুযায়ী পরীক্ষা বিষয়ক যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট আয়োজক সংস্থাকে বহন করতে হবে । এবং ঐ আয়োজক প্রতিষ্ঠানকে নিষিদ্ধ ঘোষণা করা হবে ।

---

রাজ্যের প্রত্যক্ষ নিযুক্তি আয়োগের দ্বারা পরিচালিত আগামী ১৫ই সেপ্টেম্বর অনুষ্ঠেয় তৃতীয় শ্রেণীর পদের নিযুক্তি পরীক্ষা সুষ্ঠু ও স্বচ্ছভাবে সম্পন্ন করতে নিযুক্তি আয়োগ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । এই সম্পর্কে গুয়াহাটির খানাপাড়ায় অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে আয়োগের অধ্যক্ষ অজয় তিওয়ারি বলেন যে- আগামী ১৫ই সেপ্টেম্বর অনুষ্ঠেয় এই পরীক্ষা আসামের ইতিহাসের সবচেয়ে বড় নিযুক্তি পরীক্ষা । এই পরীক্ষায় রাজ্যের ২৮টি জেলার দুহাজার ৩০৫টি কেন্দ্রে মোট ১১ লক্ষ ২৩ হাজার ২০৪ জন প্রার্থী অবতীর্ণ হবেন । পরীক্ষা কেন্দ্রগুলির মধ্যে ৪২৯টি কেন্দ্র স্পর্শকাতর । প্রশ্নপত্র সমূহ রাখার জন্যে স্ট্রং রুমের ব্যবস্থা করা হয়েছে । সি সি টি ভি ব্যবস্থা না থাকা কেন্দ্রগুলিতে ভিডিওগ্রাফির ব্যবস্থা রাখা হবে । এছাড়া পরীক্ষা কেন্দ্রগুলির একশো মিটার ব্যাসার্ধের মধ্যে কোনো বাইরের লোকের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে । পরীক্ষার দিনে পরীক্ষার্থীদের যাতায়াতে যাতে কোনোধরণের অসুবিধা না হয়, তারজন্যে যানবাহনের সুব্যবস্থা করতে জেলা আয়ুক্তদের নির্দেশ দেওয়া হয়েছে ।

এদিকে উত্তর-পূর্ব সীমান্ত রেল কর্তৃপক্ষ প্রার্থীদের ভীড়ের প্রতি লক্ষ্য রেখে বারো জোড়া অতিরিক্ত ট্রেনের ব্যবস্থা করেছে । এছাড়া পরীক্ষায় অবতীর্ণ হতে চাওয়া প্রার্থীদের অতিরিক্ত ভীড় হ্রাস করতে আরো অতিরিক্ত দুই জোড়া ট্রেনের পরিষেবা সম্প্রসারণেরও সিদ্ধান্ত নিয়েছে । এরমধ্যে করিমগঞ্জ-শিলচর ট্রেন আগামী শনিবার রাত

আটটায় করিমগঞ্জ থেকে রওয়ানা হবে। এবং ঐদিন রাত দশটা তিরিশ মিনিটে শিলচর পৌঁছুবে । ট্রেনটি পরদিন বিকেল পাঁচটায় শিলচর থেকে ট্রেনটি রওয়ানা হয়ে দুঘন্টা ৪০ মিনিটে করিমগঞ্জ পৌঁছুবে । এছাড়া করিমগঞ্জ-শিলচর আরেকটি ট্রেন আগামী রবিবার বিকেল চারটায় করিমগঞ্জ থেকে রওয়ানা হয়ে ঐদিন সন্ধ্যে ৬ টা ৪০ মিনিটে শিলচর পৌঁছুবে । এদিকে শিলচর-করিমগঞ্জ ট্রেনটি আগামী রবিবার বিকেল পাঁচটায় শিলচর থেকে রওয়ানা হয়ে দুঘন্টা ৪০ মিনিটে করিমগঞ্জ পৌঁছুবে।

---------------------------------------------------------------------------------

আগামী ১৫ ই সেপ্টেম্বর শিলচরে অনুষ্ঠেয় আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট পরীক্ষায় যোগ দিতে হাইলাকান্দি জেলার প্রার্থীদের জন্য চারটি বিশেষ ট্রেন এবং জেলার চার জায়গা থেকে বিশেষ বাসের ব্যবস্থা করা হয়েছে । জেলা প্রশাসনের উদ্যোগে গৃহীত এই ব্যবস্থার অধীনে ট্রেনগুলি জামিরা থেকে শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে।এছাড়া হাইলাকান্দি জেলার কলেজ রোড বাস ষ্টেন্ড , গাছতলা বাসষ্টেন্ড থেকে ধোয়ারবন্দ হয়ে , লালাবাজার থেকে ধোয়ারবন্দ হয়ে এবং ঘাড়মুড়া থেকে কাঠাখাল হয়ে ট্রেভেলার বাসগুলি শিলচর অভিমুখে যাত্রা করবে ।ভোর পাচটা থেকে ট্রভেলার বাসগুলি ১০ থেকে ১৫ মিনিট পর পর চলাচল করবে ।শিলচর আই এস বিটি পর্যন্ত বাসগুলি চলাচল করবে ।এদিকে যে চারটি বিশেষ ট্রেন জামিরা থেকে যাতায়াত করবে সেগুলির সময়সূচী হলো ১৪ ই সেপ্টেম্বর সকাল ১০ টা , সন্ধ্যা ৬ টা , রাত ৯ টা এবং ১৫ সেপ্টেম্বর ভোর ৩ টে ।

---------------------------------------------------------------------------------

কাছাড়ে রাজ্যস্তরের তৃতীয় শ্রেনীর পদগুলিতে নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ১৫ ই সেপ্টেম্বর জেলার ১৪২ টি বিভিন্ন কেন্দ্রে অনুষ্ঠিত হবে । এর পরিপ্রেক্ষিতে কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট রোহন কুমার ঝা এক নির্দেশে জানিয়েছেন সম্পূর্ন পরীক্ষার প্রক্রিয়া অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে যাতে সম্পন্ন হয় সেজন্য নিরাপত্তাজনিত বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।এছাড়া প্রতিটি পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী এবং পরীক্ষা পরিচালনায় নিয়োজিত ব্যাক্তিরা ছাড়া লোকসমাগম হতে দেওয়া হবেনা বলে নির্দেশে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কাটাখাল বাইপাসে আজ সংঘটিত এক সড়ক দূর্ঘটনায় একজন সরকারী কর্মচারীর মৃত্যু হয়েছে । একটি অল্টো গাড়ী ও যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষের ফলে গৌরব দেব নামের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ১ জন কর্মচারী নিহত হন এবং বেশ কয়েকজন ব্যাক্তি আহত হয়েছেন । পাঁচগ্রাম থেকে নিজের

অল্টো গাড়ী করে শিলচর যাবার পথে গৌরবের গাড়ীটির  শিলচর থেকে ধর্মনগরগামী একটি বাসের সঙ্গে সংঘর্ষ হয় এবং তিনি প্রাণ হারান । দূর্ঘটনার ফলে যাত্রীবাহী বাসেরও বেশকয়েকজন যাত্রী আহত হন । উল্লেখ্য দুদিন পূর্বে এই কাটাখাল বাইপাসে দূর্ঘটনার কবলে পড়ে চারজন ব্যাক্তি প্রাণ হারান ।

---------------------------------------------------------------------------------------------

বিশিষ্ট লোকসঙ্গীত শিল্পী ও লোকসঙ্গীতের গবেষক তথা একনিষ্ঠ কর্মী বরাক উপত্যকার সুসন্তান প্রয়াত কালিকা প্রসাদ ভট্টাচার্যের ৫৪ তম জন্মবার্ষিকী আজ সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে । শিলচরে বরাক উপত্যকার তথ্য ও জনসংযোগ বিভাগের আঞ্চলিক শাখার কার্যালয় সংলগ্ন ভূমি সংরক্ষণ বিভাগের প্রাঙ্গণে আজ এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বিভিন্ন বক্তা সুরমা-বরাক উপত্যকার লোক সংস্কৃতিকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে প্রয়াত কালিকা প্রসাদের অনবদ্য ভূমিকার কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন । এই অনুষ্ঠানে শিল্পীর বোন ইন্দ্রাণী ভট্টাচার্য সহ অন্যান্যরা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । করিমগঞ্জ ও হাইলাকান্দিতেও অনুরূপ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় শিশু সুরক্ষার ক্ষেত্রে সচেতনতা ও শিবির আয়োজন করতে আজ করিমগঞ্জ জেলা শিশু সুরক্ষা ইউনিটের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগীতায় সহযোগী বিভাগগুলিকে নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে । করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় করিমগন্জের সহকারী আয়ুক্ত তথা ভারপ্রাপ্ত জেলা শিশু সুরক্ষা আধিকারিক প্রিয়াঙ্কা ইয়মনাম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে শিশুশ্রম , শিশু বিবাহ ,অবৈধ দত্তক ইত্যাদি বিষয় নিয়ে বিগত বছর এবং চলতি বছরের মামলাগুলির পরিসংখ্যান তুলে ধরেন । সেইসঙ্গে শিশুদের সুরক্ষায় থাকা আইনী ব্যাবস্থা  ও সুরক্ষা পদ্ধতি সম্পর্কে জনসাধারণকে অবগত করানো এবং শিশু পাচার ,শিশুশ্রম ইত্যাদি প্রতিরোধে সচেতনতা গড়ে তোলা কার্যসূচীর অধীনে আগামী ১৭ সেপ্টেম্বর থেকে ২৬ শে অক্টোবর পর্যন্ত নির্ধারিত দিনগুলিতে শিশুদের তৈরী হস্তশিল্পের প্রতিভার প্রদর্শনী , পথনাটিকা ,অংকন ,ক্যুইজ প্রতিযোগীতা ইত্যাদি অনুষ্ঠিত হবে বলেও তিনি জানান । আজকের সভায় অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম ,ডেপুটি পুলিশ সুপার নারায়ণ বড়ো ,জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব মণিকা বড়ো প্রমূখ  অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------------

দেশবন্ধু ক্লাব ফুটবল প্রতিযোগীতা আগামী শুক্রবার থেকে শুরু হচ্ছে । মোট ১৬ টি দল নিয়ে নকআউট পদ্ধতিতে প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্যের উপস্থিত থাকার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আসাম মেঘালয় ও অরুনাচলপ্রদেশে আগামী ৬ দিন ভারী বৃষ্টি হবে বলে পূর্বাভাস দিয়েছে ।নাগাল্যান্ড , মণিপুর , মিজোরাম , ত্রিপুরা , পশ্চিমবংগ , সিকিম ও বিহারে ও আগামী ১৪ ই সেপ্টম্বর পর্যন্ত ধারাবাহিক বৃষ্টি হবার সম্ভাবনা রয়েছে বলে সূত্রে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------